# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date: 25.07.2024 Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার পরিবর্তে ডাক্তারিতে ভর্তির পরীক্ষা রাজ্যগুলির হাতে পুনরায় তুলে দেওয়ার দাবী জানিয়ে বিধানসভায় একটি প্রস্তাব গৃহীত হয়েছে। # এমন কোনো প্রস্তাব, সরকারের কাছে নেই বলে রাজ্যসভায় জানিয়েছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক।

২/ কেন্দ্রীয় সরকার চলতি অর্থবর্ষের রেল বাজেটে এরাজ্যের জন্য ১৩ হাজার কোটি টাকার বেশী বরাদ্দ করেছে বলে জানিয়েছেন রেলমন্ত্রী।

৩/ উত্তরবঙ্গকে উত্তর-পূর্ব ভারতের সঙ্গে যুক্ত করার রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের প্রস্তাবকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

৪/ তোলাবাজি, থানার লক-আপে মারধোর বা ধৃত ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশের বিরুদ্ধে অভিযোগ খতিয়ে দেখার জন্য চার সদস্যের কমিটি গড়েছে রাজ্য সরকার।

৫/ কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এবার, চৌঠা ডিসেম্বর শুরু হচ্ছে।

৬/ ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ রেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************

ডাক্তারিতে সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা তুলে দিয়ে রাজ্যগুলির হাতে এই পরীক্ষা নেওয়ার এক্তিয়ার পুনরায় ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছে রাজ্য সরকার। বিধানসভায় গতকাল এই মর্মে এক প্রস্তাব গৃহীত হয়। একটি নির্দিষ্ট সংস্থার মাধ্যমে সর্বভারতীয় নিট পরীক্ষার আয়োজন করে কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ পরীক্ষার্থীর ভবিষ্যৎকে অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে বলে ওই প্রস্তাবের অভিযোগ করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু বলেন, কিছু পরীক্ষার্থীকে গ্রেস নম্বর দেওয়ার ফলে ২৪ লক্ষ পড়ুয়ার সঙ্গে অবিচার হয়েছে। নিট পরীক্ষায় যে প্রশ্ন ফাঁস হয়েছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী তা স্বীকার করে নিলেও প্রধানমন্ত্রী ওই ঘটনা নিয়ে নীরব রয়েছেন। প্রস্তাবটির উত্থাপক পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, কেন্দ্রীয় সরকারের নতুন শিক্ষানীতিতে সমগ্র শিক্ষা ব্যবস্থায় কেন্দ্রীকরণ, বাণিজ্যিকীকরণ, মেরুকরণ এবং দুর্নীতির প্রভাব পড়েছে। নিট পরীক্ষা অনিয়ম স্বাধীনতার পরে সব থেকে বড় দুর্নীতি বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে, আলোচনায় অংশ নিয়ে বিরোধী দল বিজেপি, এই প্রস্তাবের সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তোলে। দলের বিধায়ক দীপক বর্মন ও বিশ্বনাথ কারক রাজ্যের SSC পরীক্ষা দুর্নীতির কথা তুলে ধরে বলেন, পশ্চিমবঙ্গের হাতে ডাক্তারি পড়ুয়াদের প্রশ্নপত্র তৈরির ভার দিলে পরিস্থিতি আরও শোচনীয় হবে। বিধায়ক অশোক লাহিড়ী অভিযোগ করেন, সরকার পক্ষের আনা প্রস্তাবে নিট দুর্নীতিতে কোচিং সেন্টারগুলির ভূমিকার কথা বলা হলেও এ'রাজ্যে প্রাইভেট টিউশন এবং কোচিং কুটির শিল্পে পরিণত হয়েছে। আলোচনার শেষে প্রস্তাবটি ধ্বনি ভোটে সভায় গৃহীত হয়।

এদিকে, নিট-UG বাতিল করে রাজ্যগুলির হাতে ডাক্তারিতে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নেওয়ার দায়িত্ব তুলে দেবার কোন প্রস্তাব নেই বলে কেন্দ্রীয় সরকার, রাজ্যসভায় জানিয়েছে। গতকাল এক লিখিত প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার একথা জানান। UGC (NET) এর বাতিল হওয়া পরীক্ষা

আগামী ২১শে আগস্ট ও চৌঠা সেপ্টেম্বর নেওয়া হবে বলেও তিনি জানিয়েছেন। পরীক্ষা হবে কম্পিউটার ভিত্তিক।

*********************

রাজ্যে নারী নির্যাতনের ঘটনার বাড়বাড়ন্তর অভিযোগ তুলে বিধানসভায় বিরোধী বিজেপির প্রতিবাদকে কেন্দ্র করে গতকালের অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। প্রশ্নোত্তর পর্বে অগ্নিমিত্রা পাল সহ বিজেপির মহিলা সদস্যরা নারী নির্যাতন সংক্রান্ত মুলতুবি প্রস্তাব এনে তার ওপর আলোচনার দাবি জানান। অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় প্রস্তাবটি পাঠের অনুমতি দিলেও আলোচনার দাবি মেনে নেন নি। তার প্রতিবাদে বিজেপি সদস্যরা বিধানসভার ভেতরে সরব হন।

এদিকে, মুখ্যমন্ত্রী ও অধ্যক্ষের ভূমিকার সমালোচনা করে বিরোধীরা সভা কক্ষের ভেতরে স্লোগান দিতে থাকেন।

*********************

বিজেপি সরকারের আমলে 'সব কা সাথ, সব কা বিকাশ' নীতি বদলে 'জো হামারা সাথ, হাম উনকে সাথ' হয়েছে বলে গতকাল লোকসভায় তীব্র কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা ডায়মন্ডহারবারের সাংসদ অভিষেক ব্যানার্জি। বাজেটের ওপর বক্তব্য রাখতে গিয়ে অভিষেক বলেন, বিজেপি মুখে নারী ও সংখ্যালঘু কল্যাণের কথা বললেও তারা নিজেরাই তা মেনে চলে না। শরিক দলগুলিকে তুষ্ট করতেই অর্থমন্ত্রী অন্ধ্রপ্রদেশ-বিহার বাজেট পেশ করেছেন বলে অভিযোগ করেন তিনি। অভিষেক বলেন, এই বাজেট আসলে দেশবাসীর সঙ্গে প্রতারণা।

বাজেটে কোনো রাজ্যকেই বঞ্চিত করা হয়নি বলে রাজ্যসভায় কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ জানিয়েছেন। তিনি বলেন, বাজেট বক্তৃতায় রাজ্যগুলির নাম আলাদা আলাদা করে উল্লেখের সুযোগ থাকেনা।

*********************

কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ অর্থবর্ষের রেল বাজেটে এরাজ্যের জন্য ১৩ হাজার ৯৪১কোটি টাকা বরাদ্দ করেছে। দিল্লি থেকে গতকাল ভার্চুয়ালি এক সাংবাদিক বৈঠকে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, UPA সরকারের আমলে পশ্চিমবঙ্গ থেকে রেলমন্ত্রী থাকলেও বাংলার জন্য শুধু ৪হাজার ৩৮০কোটি টাকা বরাদ্দ এবং প্রকল্পের ঘোষণা হয়েছে। তিনি বলেন, এরাজ্যে ১০০টি স্টেশনকে অমৃত স্টেশনে পরিণত করা হবে। বর্তমানে রাজ্যে ৬০ হাজার কোটি টাকার নতুন রেল প্রকল্পের কাজ চলছে।

(বাইট- অশ্বিনী বৈষ্ণব )

শ্রী বৈষ্ণব এই প্রকল্পগুলির কাজে জমি অধিগ্রহণ, আইন শৃঙ্খলা সহ বিভিন্ন ক্ষেত্রে সহায়তার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন জানান।

রেল দুর্ঘটনা সম্পর্কে এক প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, UPA সরকারের তুলনায় দুর্ঘটনা ৬০ শতাংশ কম হয়েছে। সুরক্ষার বিষয়ে আরো বেশি সতর্ক হওয়া প্রয়োজন এবং সুরক্ষা বৃদ্ধিতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে বিষয়টি নিয়ে রাজনীতি করা উচিত নয়।

*********************

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করে উত্তরবঙ্গকে, উত্তর-পূর্ব ভারতের সঙ্গে যুক্ত করার প্রস্তাব পেশ করেন। এক ভিডিও বার্তায় মন্ত্রী বলেন, উত্তরবঙ্গের বিভিন্ন বিষয়ে, দেশের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে মিল রয়েছে। এটি নর্থ ইস্ট-এর অঙ্গ হিসেবে অন্তর্ভুক্ত হলে, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের জন্য আরো বেশি পরিমাণ অর্থ পাওয়া যাবে ও এক্ষেত্রে রাজ্য সরকারের কাছ থেকে সহযোগিতা পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন সুকান্ত মজুমদার।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস, সুকান্ত মজুমদারের ভূমিকার কড়া সমালোচনা করেছে। দলের রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায় বলেছেন, পশ্চিমবঙ্গে একের পর এক নির্বাচনে পরাজয়ের ফলে রাজ্যভাগের পরিকল্পনা করেছে

বিজেপি। উত্তরবঙ্গ রাজ্যের অবিচ্ছেদ্য অঙ্গ। সুকান্তর দাবী অসংবিধানিক ও বেআইনি বলেও মন্তব্য করেন তিনি।

*********************

তোলাবাজি, থানার লকআপে মারধর বা ধৃত ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশের বিরুদ্ধে অভিযোগ খতিয়ে দেখার জন্য চার সদস্যের কমিটি গড়েছে রাজ্য সরকার। 'স্টেট লেভেল পুলিশ কমপ্লেন্টস অথরিটি' নামে এই কমিটির নেতৃত্বে রয়েছেন হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায়। অন্যান্য সদস্যরা হলেন, রাজ্যের স্বরাষ্ট্র সচিব, রাজ্য পুলিশের ডিজি এবং কলকাতার পুলিশ কমিশনার। এই কমিটি গঠনের ফলে রাজ্যের বিভিন্ন প্রান্তে পুলিশের বিরুদ্ধে কোনও অভিযোগ উঠলে প্রথমেই হাইকোর্ট বা জেলা আদালতে মামলা করার প্রবনতা কমবে বলে আশা আইনজ্ঞদের। রাজ্য মানবাধিকার কমিশনের সঙ্গে সমন্বয় রেখে কমিটি কাজ করবে। তাঁদের সুপারিশে রাজ্য সরকার মান্যতা দেবে। সেই মত অভিযুক্তর বিরুদ্ধে ব্যাবস্থাও নেবে রাজ্য।

এদিকে, নদীয়ার কল্যাণীতে পুলিশ হেফাজতে এক টোটো চালকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। তপন মন্ডল নামে ওই ব্যক্তি কল্যাণীর চার নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তাঁর বিরুদ্ধে চুরির অভিযোগ রয়েছে। থানায় অসুস্থ বোধ করলে তাঁকে কল্যাণীর JNM হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁর মৃত্যু হয়। পুলিশের অত্যাচারেই তপন মন্ডলের মৃত্যু হয়েছে বলে স্ত্রীর অভিযোগ।

*********************

উত্তর দিনাজপুরের ইসলামপুরে জমি সংক্রান্ত বিবাদের জেরে এক তৃণমূল কংগ্রেস কর্মী খুন হয়েছেন।

জানা গেছে, ইসলামপুর ব্লকের সুজালি গ্রাম পঞ্চায়েতের মোলানি এলাকায় মুজিবুর নামে এক তৃণমূল কংগ্রেস কর্মীর সঙ্গে জমি নিয়ে গ্রাম পঞ্চায়েতের সদস্যার স্বামী তৃণমূল নেতা ফারাজের বিবাদ চলছিল। গতকাল তা' চরমে ওঠে। ফারাজ ও তার সঙ্গীরা, মুজিবুরকে ব্যাপক মারধোর করে বলে

অভিযোগ। তাঁকে উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।

********************

বেশকিছু দলীয় ও সরকারি কর্মসূচি নিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিনদিনের সফরে আজ দিল্লি যাচ্ছেন। বিকালে তিনি কলকাতা থেকে রওনা দিয়ে নতুন দিল্লি পৌঁছবেন। আগামীকাল বঙ্গভবনে এক বৈঠকে দলের সাংসদদের সঙ্গে মিলিত হবেন।

শনিবার ২৭ তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পৌরহিত্যে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে তাঁর যোগ দেওয়ার কথা।

********************

উত্তর দিনাজপুরের চোপড়া ব্লকের কালিকাপুর এলাকায় শ্রমিকদের মারধোরের অভিযোগ উঠেছে এক ঠিকাদার ও তার দলবলের বিরুদ্ধে।

জানা গেছে, জামশেদ নামে ওই ঠিকাদারের অধীনে সিকিমে কাজ করতে গিয়েছিলেন এলাকারই কিছু শ্রমিক। কিন্তু তাঁদের কোনো টাকা দেওয়া হয়নি বলে অভিযোগ। গতসন্ধ্যায় জামশেদের কাছে টাকা চাইতে গেলে দু'পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। এরপরই জামশেদের ভাই জব্বার ও আরো কয়েকজন মিলে ওই শ্রমিকদের বেধড়ক মারধোর করে।

ঘটনায় পাঁচ জন আহত হয়েছেন। জখম অবস্থায় তাঁদের চোপড়া-দোলুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। অভিযোগ, জামশেদের ভাই জব্বার এলাকায় গুন্ডামির সঙ্গে যুক্ত।

********************

আলু ব্যবসায়ীদের ধর্মঘট উঠে যাওয়ায় আজ থেকেই বাজারে আলুর জোগান স্বাভাবিক হয়ে যাবে বলে জানাচ্ছেন ব্যাবসায়ীরা।

গতকাল আলু ব্যবসায়ীদের সংগঠনের সঙ্গে বৈঠকের পর রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন, হিমঘর থেকে ২৬ টাকা দরে আলু, রাজ্যের বিভিন্ন

বাজারে পাঠানো হচ্ছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে খোলা হয়েছে ৪৯৩টি সুফল বাংলা স্টল।

*********************

কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এবার শুরু হবে ৪ঠা ডিসেম্বর। চলবে ১১ই ডিসেম্বর পর্যন্ত।

মহানায়ক উত্তম কুমারের ৪৪-তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গতকাল “মহানায়ক স্মরণে" অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘোষণা করে বলেন, বিধায়ক ও চিত্র পরিচালক রাজ চক্রবর্তীর জায়গায় এবার উৎসব কমিটির চেয়ারম্যান হচ্ছেন বিশিষ্ট চিত্র পরিচালক গৌতম ঘোষ।

*********************

ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ রেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস জানালেন-

(বাইট- ওয়েদার হবিবুর )

************************************************************